

ইউএসটিসি উপ-উপাচার্য ৬ ঘণ্টা অবরুদ্ধ, মানববন্ধন ভাংচুর

■ চট্টগ্রাম ব্যায়ো চট্টগ্রামে বেশরকারি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ইউএসটিসি) গতকাল শনিবার দিনভর ছিল উত্তেজনা। বেঁধে দেওয়া সময়ের মধ্যে দাবি পূরণ না হওয়ায় গতকাল শিক্ষার্থীরা উপ-উপাচার্য ড. এএইচএম ইসহাক চৌধুরীকে ছয় ঘণ্টা অবরুদ্ধ করে রাখে। দাবি আদায় করতে তারা ক্যাম্পাসের সামনে পালন করে মানববন্ধন কর্মসূচি। এক পর্যায়ে ক্যাম্পাসে ভাংচুরও চালায় তারা। এমনকি ক্যাম্পাসের ভেতর থাকা হাসপাতালে রোগী প্রবেশে বাধা দেয় আন্দোলনরত শিক্ষার্থীরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সক্ষম শিক্ষার্থীদের নিয়ে বৈঠক করে পুলিশ প্রশাসন ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ বৈঠকে চার সদস্যের একটি কমিটি গঠন করা হয়। এ কমিটি চার দিনের মধ্যে শিক্ষার্থীদের দাবি পূরণের আশ্বাস দিলে সক্ষম পর-যাতায়াত হতে থাকে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি।

গত ২১ সেপ্টেম্বর সড়ক অবরোধ শেষে বিভিন্ন দাবি পূরণ করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এক সপ্তাহের সময়সীমা বেঁধে দিয়েছিল শিক্ষার্থীরা।

আন্দোলনরত শিক্ষার্থীদের দাবিগুলোর মধ্যে রয়েছে- প্রেসিডেন্ট কর্তৃক উপাচার্য, উপ-উপাচার্য ও ট্রেজারার

নিয়োগ; ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশের (আইইবি) সদস্যপদ গ্রহণ; অধ্যাপক, সহযোগী ও সহকারী অধ্যাপক পদে স্থায়ী শিক্ষক নিয়োগ; শিক্ষকদের সম্মানজনক বেতন স্কেল ও ল্যাব-সুবিধা বৃদ্ধি; পানি, বিদ্যুৎ ও ক্যান্টিন সংকট নিরসন; গ্রন্থাগারের আসন বৃদ্ধি ও টিউশন ফি হ্রাস।

ইউএসটিসির উপ-উপাচার্য অধ্যাপক ড. এএইচএম ইসহাক চৌধুরী বলেন, শিক্ষার্থীদের সঙ্গে আলোচনার পরিপ্রেক্ষিতে আগামী মঙ্গলবারের মধ্যে জনসেবা ফাউন্ডেশনের চেয়ারম্যানসহ গভর্নিং বডির সঙ্গে আলোচনা করে সমস্যা সমাধান করা হবে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ইমতিয়ান আহমেদ মজুমদার সমকালকে বলেন, গত শনিবার সাত দিনের মধ্যে দাবি মানার আশ্বাস দিয়েছিলেন বিশ্ববিদ্যালয় পরিচালনা করা জনসেবা ফাউন্ডেশনের চেয়ারম্যান ইফতেবারুল ইসলাম; কিন্তু সাত দিন পরও দাবি পূরণ না হওয়ায় আজ ফের মানববন্ধন করি আমরা। প্রশাসনের সঙ্গেও কথা বলি; কিন্তু তারা অন্যতর থাকায় এক পর্যায়ে উপ-উপাচার্যকে অবরুদ্ধ করে রাখা হয়। পরে ত্রিপক্ষীয় বৈঠকে বিশ্ববিদ্যালয় প্রশাসন দাবি পূরণ করতে ফের চার দিনের সময় নেয়।